রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, নভেম্বর ১৪, ২০১৬**

**নির্বাচন কমিশন**
**বাংলাদেশ**
**নির্বাচন কমিশন সচিবালয়**
**শেরে বাংলা নগর, ঢাকা।**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ/ ১৪ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৩৯-আইন/২০১৬।**—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২০ এর উপধারা (১)(খ), ধারা ৩৫ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর—

(ক) দফা (৩) এ "২০১০" সংখ্যার পরিবর্তে "২০১৬" সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (১৭) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১৭) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১৭) "প্রার্থী" অর্থ কোন সিটি কর্পোরেশনের—

(ক) মেয়র পদে নির্বাচনের জন্য কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনীত ব্যক্তি বা স্বতন্ত্র প্রার্থী; এবং

(খ) কাউন্সিলর পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলকারী যে কোন ব্যক্তি;"


**মূল্য :** টাকা ৩০.০০

(গ) দফা (২৭) এর পর নিম্নরূপ নূতন দফা (২৭ক) সন্নিবেশিত হইবে, যথা:—

"(২৭ক) "রাজনৈতিক দল" অর্থ Representation of the People Order, 1972 (P.O.No.155 of 1972) এর Article 2 এর clause (xixa) তে সংজ্ঞায়িত registered political party;";

(ঘ) দফা (৩১) এর প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অত:পর নিম্নরূপ নূতন দফা (৩২) সংযোজিত হইবে, যথা:—

"(৩২) "স্বতন্ত্র প্রার্থী" অর্থ এইরূপ কোন প্রার্থী যিনি কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনয়নপ্রাপ্ত নহেন।";

(২) বিধি ৭ এর—

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত "জেলা নির্বাচন কর্মকর্তা" শব্দগুলির পূর্বে "সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা" শব্দগুলি সন্নিবেশিত হইবে এবং "উপ-নির্বাচন কমিশনারের" শব্দগুলির পরিবর্তে "আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ১২ এর—

(ক) উপ-বিধি (৩) এর দফা (গ) এর—

(অ) উপ-দফা (ই) এ উল্লিখিত "হিসাবে" শব্দের পর "একই পদের" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(আ) উপ-দফা (ইই) এর শেষ প্রান্তস্থিত "এবং" শব্দ বিলুপ্ত হইবে এবং অত:পর নিম্নরূপ দুইটি নূতন উপ-দফা (ইইই) ও (ইইইই) সন্নিবেশিত হইবে, যথা:—

"(ইইই) রাজনৈতিক দলের মনোনীত মেয়র প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকিবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হইতে মনোনয়ন দেওয়া হইয়াছে;

তবে শর্ত থাকে যে, কোন রাজনৈতিক দল কোন সিটি কর্পোরেশনের মেয়র পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনে উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে;

আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট রাজনৈতিক দল কোন ব্যক্তিকে মনোনয়ন প্রদানের ক্ষমতা প্রদান করিলে উক্ত দলের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ৭ (সাত) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনেও প্রেরণ করিবে;

(ইইই) স্বতন্ত্র মেয়র প্রার্থীর প্রার্থিতার জন্য সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের ৩০০ (তিনশত) জন ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা:

তবে শর্ত থাকে যে, কোন স্বতন্ত্র মেয়র প্রার্থী মেয়র পদে ইতিপূর্বে নির্বাচিত হইয়া থাকিলে তাঁহার জন্য ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা দাখিল করিবার প্রয়োজন হইবে না; এবং"

(খ) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:—

''(৪) কোন ভোটার প্রস্তাবকারী হিসাবে অথবা সমর্থনকারী হিসাবে মেয়র অথবা সংরক্ষিত আসনের কাউন্সিলর বা সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের উদ্দেশ্যে সংশ্লিষ্ট পদে একের অধিক মনোনয়নপত্রে তাহার নাম ব্যবহার করিবেন না এবং যদি কোন ভোটার একই পদে অনুরূপ একাধিক মনোনয়নপত্রে তাহার নাম ব্যবহার করেন, তাহা হইলে এইরূপ সকল মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।";

(৪) বিধি ১২ এর পর নূতন বিধি ১২ক সন্নিবেশিত হইবে, যথা:—

''১২ক। **স্বতন্ত্র মেয়র প্রার্থীর ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা যাচাই পদ্ধতি।**— (১) স্বতন্ত্র মেয়র প্রার্থী কর্তৃক বিধি ১২ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর বিধান অনুসারে দাখিলকৃত নির্ধারিত সংখ্যক ভোটারের স্বাক্ষর ও তথ্যাদি রিটার্নিং অফিসার বা রিটার্নিং অফিসারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সরেজমিনে যাচাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(২) রিটার্নিং অফিসার বিধি ১২ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর অধীন প্রাপ্ত তালিকায় নির্ধারিত সংখ্যা হইতে কম সংখ্যক ভোটারের স্বাক্ষর থাকিলে অথবা তালিকার কোন একটি ক্রমিকের তথ্যের গরমিল থাকিলে সংশ্লিষ্ট মনোনয়নপত্র বাতিল করিবেন।

(৩) রিটার্নিং অফিসার বিধি ১২ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর অধীন প্রাপ্ত তালিকাসহ প্রার্থীর নাম ফ্যাক্স, ই-মেইল কিংবা অন্য কোন মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে কমিশনের মনোনীত কর্মকর্তাকে অবহিত করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রার্থীর নাম অবগত হইবার পর নির্বাচন কমিশনের মনোনীত কর্মকর্তা দৈবচয়নের ভিত্তিতে কম্পিউটার প্রোগ্রামের মাধ্যমে প্রত্যেক স্বতন্ত্র প্রার্থীর দাখিলকৃত স্বাক্ষর তালিকার ৫ (পাঁচ) টি সংখ্যা চিহ্নিত করিবেন যাহা ক্রমিক ১ (এক) হইতে ৩০০ (তিনশত) এর মধ্যে হইতে হইবে এবং উহা রিটার্নিং অফিসারকে ফ্যাক্স, ই-মেইল বা অন্য কোন মাধ্যমে অবহিত করিবেন।

(৫) বিধি (১২) এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর অধীন স্বাক্ষরযুক্ত তালিকায় মেয়র পদের জন্য ৩০০ (তিনশত) এর অধিক নাম ও স্বাক্ষর অন্তর্ভুক্ত হইলে, যে ক্রমিক হইতে এই অধিক সংখ্যার শুরু হইয়াছে উহা দৈবচয়নের অন্তর্ভুক্ত হইবে না।

(৬) উপ-বিধি (৪) এর অধীন চিহ্নিত ৫ (পাঁচ) টি সংখ্যার বিপরীতে উল্লিখিত তথ্যাদি রিটার্নিং অফিসার সরেজমিনে তদন্ত করিবেন বা করাইবেন এবং তদন্ত কর্মকর্তা প্রতিটি সংখ্যার বিপরীতে একটি লিখিত প্রতিবেদন প্রস্তুত করিবেন।

(৭) উপ-বিধি (৬) এর অধীন তদন্তের ফলাফলের উপর ক্ষেত্রমত, সংশ্লিষ্ট এলাকার একজন ভোটারের প্রত্যয়ন অথবা যাচাইকৃত ভোটারের স্বাক্ষর কিংবা টিপসহি থাকিবে এবং উহা সংশ্লিষ্ট এলাকার অপর একজন ভোটার কর্তৃক প্রতিস্বাক্ষরকৃত বা টিপসহিকৃত হইবে।

(৮) এই বিধির অধীন মনোনয়নপত্র বাতিল করা হইলে রিটার্নিং অফিসার তাহার সিদ্ধান্ত প্রত্যয়ন করিবেন এবং বাতিলের কারণ লিপিবদ্ধ করিবেন।"

(৫) বিধি ১৩ এর উপ-বিধি (৩) এর পর নিম্নবর্ণিত উপ-বিধি (৪) সংযোজিত হইবে; যথা :—

"(৪) রিটার্নিং অফিসার উপ-বিধি (১) এ জমাকৃত জামানতের অর্থ ৭ (সাত) কার্য দিবসের মধ্যে সরকারি ট্রেজারিতে জমা প্রদান করিবেন।";

(৬) বিধি ১৫ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "১৪(৩)" সংখ্যাগুলি এবং বন্ধনীর পূর্বে "১২ক(২) এবং" সংখ্যাগুলি, অক্ষর, শব্দ ও বন্ধনী সন্নিবেশিত হইবে;

(৭) বিধি ১৭ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "কপি" শব্দের পরিবর্তে "ফটোকপি" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(৮) বিধি ১৯ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

''(১) কোন পদের জন্য একাধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থী থাকিলে প্রত্যেক প্রার্থী—

(ক) মেয়র পদে নির্বাচনে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর ক্ষেত্রে, তফসিল-২;

(খ) মেয়র পদে নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে, তফসিল-৩;

(গ) সংরক্ষিত আসনের কাউন্সিলর পদে নির্বাচনের ক্ষেত্রে, তফসিল-৪; এবং

(ঘ) সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের ক্ষেত্রে, তফসিল-৫; এ উল্লিখিত প্রতীকসমূহের মধ্য হইতে তাঁহার পছন্দমত যে কোন একটি নির্বাচনি প্রতীক মনোনয়নপত্রে উল্লেখ করিবেন:

তবে শর্ত থাকে যে, দফা (ক) এ উল্লিখিত মেয়র প্রার্থীকে তাহার মনোনয়ন প্রদানকারী রাজনৈতিক দলের জন্য সংরক্ষিত প্রতীক উল্লেখ করিতে হইবে।";

(খ) উপ-বিধি (৩) এ উল্লিখিত "তফসিল- ২, ৩ বা, ক্ষেত্রমত, ৪" শব্দগুলি, চিহ্ন, সংখ্যাগুলি ও কমাগুলির পরিবর্তে "তফসিল- ৩, ৪ বা, ক্ষেত্রমত, ৫" শব্দগুলি, চিহ্ন, সংখ্যাগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(৯) বিধি ২০ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২০ প্রতিস্থাপিত হইবে, যথা:—

‘‘২০। **ভোট গ্রহণের পূর্বে প্রার্থীর মৃত্যু।**—(১) ভোট গ্রহণের পূর্বে বৈধভাবে মনোনীত কোন প্রার্থীর মৃত্যু হইলে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট পদের নির্বাচন কার্যক্রম রিটার্নিং অফিসার গণবিজ্ঞপ্তির দ্বারা বাতিল করিয়া দিবেন।

(২) রিটার্নিং অফিসার উপ-বিধি (১) এর অধীন গৃহীত ব্যবস্থা তাৎক্ষণিকভাবে নির্বাচন কমিশনকে লিখিতভাবে জানাইবেন।

(৩) রিটার্নিং অফিসারের নিকট হইতে অবহিত হইবার অব্যবহিত পর কমিশন সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার সংশ্লিষ্ট পদে নূতন নির্বাচনি তফসিল ঘোষণা করিবেন এবং কমিশনের উক্ত সিদ্ধান্ত অনুসারে রিটার্নিং অফিসার নির্বাচন অনুষ্ঠানের পরবর্তী কার্যক্রম গ্রহণ করিবেন :

তবে শর্ত থাকে যে, ইতিপূর্বে কোন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলিয়া সাব্যস্ত হইয়া থাকিলে এবং তিনি তাঁহার প্রার্থিতা প্রত্যাহার না করিয়া থাকিলে তাহাকে নূতন করিয়া মনোনয়নপত্র দাখিল করিতে হইবে না।’’;

(১০) বিধি ২২ এর উপ-বিধি (২) এ উল্লিখিত "নাম ও ঠিকানা" শব্দগুলির পরিবর্তে "নাম, ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে, রাজনৈতিক দলের নাম," শব্দগুলি এবং কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(১১) বিধি ২৫ এর—

(ক) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(২) ভোট গ্রহণ শুরু হইবার পূর্বে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার নির্বাচনি এজেন্ট প্রিজাইডিং অফিসারের নিকট সংশ্লিষ্ট ভোটকেন্দ্রের জন্য নিয়োগকৃত পোলিং এজেন্টের ১ (এক) কপি ছবিসহ নিয়োগপত্র তফসিল-১ এর ফরম ‘জ-১’ এ দাখিল করিবেন।";

(খ) উপ-বিধি (৬) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৬) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৬) পোলিং এজেন্টকে নির্বাচন কমিশন বা রিটার্নিং অফিসার বা প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রদত্ত ছবি সম্বলিত পরিচয়পত্র বুকে ঝুলাইয়া রাখিতে হইবে এবং উপ-বিধি (২) এ উল্লিখিত নিয়োগপত্র ও জাতীয় পরিচয়পত্র সংগে রাখিতে হইবে। পোলিং এজেন্ট নির্ধারিত স্থানে অবস্থান করিয়া বিধি অনুযায়ী স্বীয় দায়িত্ব পালন করিবেন এবং ভোটগ্রহণ শেষ না হওয়া পর্যন্ত সহকারী প্রিজাইডিং অফিসারের অনুমতি ব্যতিরেকে ভোটকক্ষ এবং প্রিজাইডিং অফিসারের অনুমতি ব্যতিরেকে ভোটকেন্দ্র ত্যাগ করিতে পারিবেন না।'';

(গ) উপ-বিধি (৭) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৮), (৯), (১০) ও (১১) সংযোজিত হইবে, যথা:—

"(৮) নির্বাচনের স্বাভাবিক পরিবেশ বিঘ্নিত হয়, এমন কার্যক্রম গ্রহণ করা হইতে পোলিং এজেন্টগণ বিরত থাকিবেন।

(৯) যদি কোন পোলিং এজেন্টকে ভোটকেন্দ্রে প্রবেশ করিতে বাধা প্রদান করা হয় বা প্রবেশ করিতে দেওয়া না হয় বা জোরপূর্বক ভোটকেন্দ্র হইতে বাহির করিয়া দেওয়া হয়, তাহা হইলে উক্ত পোলিং এজেন্ট উক্ত বিষয়ে সংশ্লিষ্ট ভোটকেন্দ্রের দায়িত্বরত প্রিজাইডিং অফিসার বা ম্যাজিস্ট্রেট বা পুলিশ সদস্যের নিকট লিখিত অভিযোগ দাখিল করিতে পারিবেন।

(১০) প্রত্যেক পোলিং এজেন্টকে কমিশন কর্তৃক নির্ধারিত এবং প্রার্থী কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত নমুনার কাপড়ের তৈরি বাহুবন্ধনী বা আর্মড ব্যান্ড বাম হাতে পরিধান করিতে হইবে।

(১১) ফলাফল গণনাকালে প্রত্যেক প্রার্থীর ১ (এক) জন পোলিং এজেন্ট ভোট গণনা কক্ষে উপস্থিত থাকিতে পারিবেন এবং ভোট গণনাকালে কোন পোলিং এজেন্ট উপস্থিত থাকিবেন তাহা ফরম-'জ-১' অনুসারে ভোট গণনার পূর্বেই প্রিজাইডিং অফিসারকে জানাইয়া দিতে হইবে।";

(১২) বিধি ২৯ এর—

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত " 'তফসিল-২' এ উল্লিখিত প্রতীকসমূহ" শব্দগুলি, চিহ্ন ও সংখ্যার পরিবর্তে "তফসিল-২ ও ৩ এ উল্লিখিত প্রতীকের মধ্য হইতে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের অনুকূলে বরাদ্দকৃত প্রতীক" শব্দগুলি, চিহ্ন ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) এ উল্লিখিত "তফসিল-৩" শব্দ, চিহ্ন ও সংখ্যার পরিবর্তে "তফসিল-৪" শব্দ, চিহ্ন ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-বিধি (৩) এ উল্লিখিত "তফসিল-৪" শব্দ, চিহ্ন ও সংখ্যার পরিবর্তে "তফসিল-৫" শব্দ, চিহ্ন ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(ঘ) উপ-বিধি (৫) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৬) সংযোজিত হইবে, যথা:—

"(৬) বিধি ২২ এর অধীন প্রস্তুতকৃত তালিকায় মেয়র পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণকে যেই ক্রমে দেখানো হইয়াছে সেই ক্রমেই ব্যালট পেপারে তাহাদের নাম ছাপাইতে হইবে।";

(১৩) বিধি ৪৪ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) কোন প্রার্থীকে জামানতের টাকা ফেরত দিতে হইলে, উক্ত প্রার্থীর জামানতের টাকা যেই চালানমূলে সরকারি কোষাগারে জমা করা হইয়াছে, সেই চালানের মূল কপির পিঠে "জামানতের টাকা অবমুক্ত করা হইল" মর্মে প্রত্যয়ন লিপিবদ্ধ করিয়া রিটার্নিং অফিসার স্বাক্ষর প্রদান করিবেন এবং স্বাক্ষরের নিচে তাহার নাম ও পদবি সম্বলিত সিলমোহরাঙ্কন করিয়া প্রার্থীকে বা জামানত প্রদানকারীর বৈধ প্রতিনিধিকে উক্ত চালান ফেরত প্রদান করিতে হইবে।";

(খ) উপ-বিধি (৩) এর "হইবে" শব্দের পর "এবং বাজেয়াপ্তের প্রতিবেদন ৭ (সাত) কার্যদিবসের মধ্যে নির্বাচন কমিশনের নিকট প্রেরণ করিতে হইবে" শব্দগুলো সন্নিবেশিত হইবে।

(১৪) বিধি ৪৯ এর পর নূতন বিধি ৪৯ক সন্নিবেশিত হইবে, যথা:—

''৪৯ক। **রাজনৈতিক দল কর্তৃক নির্বাচনি ব্যয় সীমা এবং সকল আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ।**—(১) নির্বাচনের জন্য প্রার্থী মনোনয়ন প্রদানকারী প্রত্যেক রাজনৈতিক দল বিধি ১০ এর উপ-বিধি (১) এর অধীন সময়সূচির প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে যে সকল নির্বাচনি এলাকায় প্রার্থী মনোনয়ন প্রদান করিয়াছে সেই সকল নির্বাচনি এলাকায় নির্বাচন সমাপ্ত হওয়া পর্যন্ত উহার সকল আয় ও ব্যয়ের যথাযথ হিসাব সংরক্ষণ করিবে, এইরূপ হিসাবে কোন প্রার্থী বা কোন মনোনয়ন প্রত্যাশী বা অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান হইতে দান বাবদ প্রাপ্ত টাকা যথাযথভাবে দেখাইতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত প্রত্যেক রাজনৈতিক দলের তহবিল কোন তফসিলি ব্যাংকে জমা রাখিতে ও সংরক্ষণ করিতে হইবে।

(৩) কোন রাজনৈতিক দল উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে, নির্বাচনের উদ্দেশ্যে, তদকর্তৃক মনোনীত প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের জন্য নির্বাচনি ব্যয়সহ, প্রার্থীর মনোনয়ন প্রদান সাপেক্ষে প্রতি সিটি কর্পোরেশনের জন্য ৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক ব্যয় করিতে পারিবে না।

(৪) কোন রাজনৈতিক দল ২০ (বিশ) হাজার টাকার অধিক পরিমাণের কোন দান চেক ব্যতীত গ্রহণ করিতে পারিবে না।

(৫) যদি কোন রাজনৈতিক দল এই বিধির কোন বিধান লংঘন করে, তাহা হইলে উক্ত রাজনৈতিক দল অনধিক ৫০(পঞ্চাশ) হাজার টাকা অর্থ দণ্ডে দণ্ডনীয় হইবে।";

(১৫) বিধি ৫১ এর পর নিম্নরূপ নূতন বিধি ৫১ক সন্নিবেশিত হইবে, যথা:—

"৫১ক। **রাজনৈতিক দল কর্তৃক নির্বাচনি ব্যয়ের হিসাব বিবরণী দাখিল।**—(১) নির্বাচনের জন্য প্রার্থী মনোনয়ন প্রদানকারী প্রত্যেক রাজনৈতিক দল কমিশনের নিকট, প্রতিটি পর্যায়ের নির্বাচন সমাপ্ত হইবার ৯০ (নব্বই) দিনের মধ্যে, বিধি ১০ এর উপ-বিধি (১) এর অধীন সময়সূচির প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে যে সকল নির্বাচনি এলাকায় প্রার্থী মনোনীত করিয়াছে সেই সকল এলাকায় নির্বাচন সমাপ্ত হওয়া পর্যন্ত সময়ের মধ্যে উক্ত দল কর্তৃক অনুমোদিত সকল খরচের বিবরণ তফসিল-১ এর ফরম-থ অনুযায়ী কমিশনের নিকট দাখিল করিবে।

(২) এই বিধির বিধান অনুসারে কোন রাজনৈতিক দল উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে হিসাব বিবরণী দাখিল করিতে ব্যর্থ হইলে নির্বাচন কমিশন ৩০ (ত্রিশ) দিনের সময় প্রদান করিয়া উহা প্রেরণের জন্য সতর্কীকরণ নোটিশ প্রেরণ করিবে, উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট রাজনৈতিক দল হিসাব বিবরণী দাখিল করিতে ব্যর্থ হইলে ৭৫০০ (সাত হাজার পাঁচশত) টাকা জরিমানা প্রদান সাপেক্ষে পুনরায় ১৫ (পনের) দিন সময় প্রদান করিতে পারিবে এবং সংশ্লিষ্ট রাজনৈতিক দল উক্ত অতিরিক্ত ১৫ (পনের) দিন সময়ের মধ্যে কোন হিসাব বিবরণী দাখিল করিতে ব্যর্থ হইলে নির্বাচন কমিশন উক্ত রাজনৈতিক দলের নিবন্ধন বাতিল করিতে পারিবে।";

(১৬) তফসিল-১ এর—

(ক) ফরম-ক এর পরিবর্তে নিম্নরূপ ফরম-ক প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"নির্বাচন কমিশন বাংলাদেশ**

**..........................................................সিটি কর্পোরেশনের মেয়র নির্বাচনের জন্য মনোনয়ন ফরম-ক পূরণের নির্দেশিকা**

(১) প্রথম **খণ্ড** ঃ মনোনয়ন

১.১. প্রথম অংশ ঃ **প্রস্তাবকারী** কর্তৃক **পূরণ** করিতে হইবে

১.২. দ্বিতীয় অংশ ঃ সমর্থনকারী কর্তৃক **পূরণ** করিতে হইবে

১.৩. তৃতীয় অংশ ঃ মনোনীত ব্যক্তি কর্তৃক **পূরণ** করিতে হইবে

(২) দ্বিতীয় **খণ্ড** ঃ প্রার্থীর ব্যক্তিগত তথ্যাদি

(৩) তৃতীয় **খণ্ড** ঃ রিটার্নিং অফিসার কর্তৃক **পূরণ** করিতে হইবে

(৪) চতুর্থ **খণ্ড** ঃ রিটার্নিং অফিসার কর্তৃক **পূরণ** করিতে হইবে

(৫) পঞ্চম **খণ্ড** ঃ রিটার্নিং অফিসার কর্তৃক **পূরণ** করিতে হইবে

সংযুক্তি হিসাবে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করিতে হইবে

১. হলফনামা (প্রার্থীর সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে)।

২. **নির্বাচনি** ব্যয় নির্বাহ করিবার জন্য সম্ভাব্য অর্থ প্রাপ্তির উৎস/**উৎসসমূহ** ও সম্ভাব্য ব্যয়ের বিবরণী।

৩. ১২ ডিজিটের টিআইএন সনদের কপি এবং সম্পদ বিবরণী সম্বলিত সর্বশেষ দাখিলকৃত আয়কর রিটার্নের রসিদ এর কপি।

৪. জামানতের টাকা জমাদানের ব্যাংক রশিদ/পে অর্ডার/ট্রেজারি চালানের কপি।

৫. রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর ক্ষেত্রে রাজনৈতিক দলের মনোনয়ন অথবা স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে প্রার্থিতার সপক্ষে স্বাক্ষরযুক্ত তালিকা।

**ক্রমিক নম্বর** [ ]

**তফসিল-১**

**ফরম–ক**

[বিধি ১২ (৩) দ্রষ্টব্য]

**মেয়র নির্বাচনে প্রার্থীর মনোনয়নপত্র**

[ ] সিটি কর্পোরেশন

---

প্রথম **খন্ড :** মনোনয়ন

প্রথম অংশ

(**প্রস্তাবকারী** কর্তৃক **পূরণ** করিতে হইবে)

(১) আমি, [ ]

(**প্রস্তাবকারীর** নাম)

**জাতীয় পরিচয়পত্র** নম্বর [ ]

(**প্রস্তাবকারীর জাতীয় পরিচয়পত্র** নম্বর)

ভোটার নম্বর [ ]

(**প্রস্তাবকারীর** ভোটার নম্বর)

ক্রমিক নম্বর [ ]

(ভোটার তালিকায় **প্রস্তাবকারীর** ক্রমিক নম্বর)

ভোটার এলাকার নাম [ ] ওয়ার্ড নম্বর [ ] **এতদ্বারা**

(**প্রস্তাবকারীর** ভোটার এলাকার নাম)

[ ] এর মেয়র নির্বাচনের জন্য প্রার্থীরূপে

(সিটি কর্পোরেশনের নাম)

[ ]

(প্রার্থীর নাম)

[ ]

(প্রার্থীর ঠিকানা)

ভোটার নম্বর [ ] এর নাম **প্রস্তাব** করিতেছি।

(প্রার্থীর ভোটার নম্বর)

(২) আমি **এতদ্বারা** প্রত্যয়ন করিতেছি যে, আমি **প্রস্তাবকারী** বা সমর্থনকারীরূপে অন্য কোন মনোনয়নপত্রে স্বাক্ষরদান করি নাই।

তারিখ: [ ] দিন [ ] মাস [ ] বৎসর

[ ]

**প্রস্তাবকারীর** স্বাক্ষর/টিপসহি

দ্বিতীয় অংশ

**(সমর্থনকারী কর্তৃক পূরণ করিতে হইবে)**

(১) আমি,

(সমর্থনকারীর নাম)

জাতীয় পরিচয়পত্র নম্বর

(সমর্থনকারীর জাতীয় পরিচয়পত্র নম্বর)

ভোটার নম্বর

(সমর্থনকারীর ভোটার নম্বর)

ক্রমিক নম্বর

(ভোটার তালিকায় সমর্থনকারীর ক্রমিক নম্বর)

ভোটার এলাকার নাম ওয়ার্ড নম্বর **এতদ্বারা**

(সমর্থনকারীর ভোটার এলাকার নাম)

এর মেয়র নির্বাচনের জন্য প্রার্থীরূপে

(সিটি কর্পোরেশনের নাম)

(প্রার্থীর নাম)

(প্রার্থীর ঠিকানা)

ভোটার নম্বর এর মনোনয়ন

(প্রার্থীর ভোটার নম্বর)

সমর্থন করিতেছি।

(২) আমি এতদ্বারা প্রত্যয়ন করিতেছি যে, আমি সমর্থনকারী বা প্রস্তাবকারীরূপে অন্য কোন মনোনয়নপত্রে স্বাক্ষরদান করি নাই।

তারিখ: দিন মাস বৎসর

সমর্থনকারীর স্বাক্ষর/টিপসহি

তৃতীয় অংশ

(মনোনীত প্রার্থী কর্তৃক ঘোষণা)

আমি, ______________________

(প্রার্থীর নাম)

পিতা/স্বামীর নাম ______________________

মাতার নাম ______________________

ঠিকানা ______________________

(প্রার্থীর ঠিকানা)

**জাতীয় পরিচয়পত্র** নম্বর | | | | | | | | | | | | | | | | | |

(**প্রার্থীর জাতীয় পরিচয়পত্র** নম্বর)

ভোটার নম্বর | | | | | | | | | | | | |

(প্রার্থীর ভোটার নম্বর)

ক্রমিক নম্বর ______________________

(ভোটার তালিকায় প্রার্থীর ক্রমিক নম্বর)

ভোটার এলাকার নাম ____________ ওয়ার্ড নম্বর | | | থানা ____________

(প্রার্থীর ভোটার এলাকার নাম)

(১) এতদ্বারা ঘোষণা করিতেছি যে, আমি—

(ক) উপরোক্ত মনোনয়নে সম্মতি প্রদান করিয়াছি এবং স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৯(১) অনুযায়ী মেয়র হিসাবে নির্বাচিত হইবার যোগ্য।

(খ) স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৯(২) অনুযায়ী মেয়ররূপে নির্বাচিত হইবার বা থাকিবার জন্য অযোগ্য নহি।

(গ) একাধিক পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিল করি নাই।

(২) আমি মনোনয়নপত্রের সহিত নির্ধারিত ফরমে হলফনামা সংযুক্ত করিলাম।

(৩) আমার নির্বাচনি ব্যয় নির্বাহ করিবার জন্য অর্থ প্রাপ্তির সম্ভাব্য উৎস ও সম্ভাব্য ব্যয়ের বিবরণী এতদ্সংগে সংযুক্ত করিলাম।

(৪) আমার ১২ ডিজিটের টিআইএন নম্বর | | | | | | | | | | | | |
এবং আমার সম্পদ বিবরণী সম্বলিত সর্বশেষ দাখিলকৃত আয়কর রিটার্নের রসিদ এর কপি এতদ্সংগে সংযুক্ত করিলাম।

(৫) (ক) আমি, ____________ , ____________ রাজনৈতিক দলের প্রার্থী। উহার সপক্ষে রাজনৈতিক দলের মনোনয়ন এতদ্সংগে সংযুক্ত করিলাম।

অথবা

(খ) আমি স্বতন্ত্র প্রার্থী। উহার সপক্ষে ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা এতদ্সংগে সংযুক্ত করিলাম।

(৬) (ক) আমার মনোনয়ন প্রদানকারী রাজনৈতিক দলের জন্য সংরক্ষিত প্রতীক (দলীয় প্রার্থীর ক্ষেত্রে) [ ]।

**(খ) আমার পছন্দকৃত প্রতীকের নাম (স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে)** [ ]।

(৭) নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য আমার নতুন ব্যাংক একাউন্ট নম্বর [ ],

ব্যাংকের নাম [ ], শাখার নাম [ ]।

(৮) বিধি ১৩(১) অনুসারে জমাকৃত টাকার ট্রেজারি চালান/তফসিলি ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক রশিদ এতদ্‌সংগে সংযুক্ত করিলাম।

তারিখঃ দিন [ | ] মাস [ | ] বৎসর [ | | | ]

[ ]

মনোনীত প্রার্থীর স্বাক্ষর/টিপসহি

প্রার্থীর ছবি

(এখানে প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি লাগাইতে হইবে)

দ্বিতীয় **খণ্ড** ঃ প্রার্থীর ব্যক্তিগত তথ্যাদি

১। প্রার্থীর নাম ঃ

২। পিতার নাম ঃ

৩। মাতার নাম ঃ

৪। স্বামী/স্ত্রীর নাম ঃ

৫। জন্ম তারিখ ঃ ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

৬। বয়স ঃ ☐☐ বৎসর ☐☐ মাস ☐☐ দিন

৭। জন্মস্থান ঃ

(জেলার নাম)

৮। ঠিকানা ঃ

| স্থায়ী | বর্তমান |
|---|---|
| | |

৯। **তাৎক্ষণিক** যোগাযোগ ঃ

| | |
|---|---|
| টেলিফোন নম্বর | |
| মোবাইল নম্বর | |
| ই-মেইল ঠিকানা (যদি থাকে) | |
| ফ্যাক্স নম্বর (যদি থাকে) | |

১০। লিঙ্গ (টিক ☑ চিহ্ন দিন) ঃ **পুরুষ** ☐ মহিলা ☐

১১। বৈবাহিক অবস্থা (টিক ☑ চিহ্ন দিন) ঃ অবিবাহিত ☐ বিবাহিত ☐ বিপত্নীক ☐ বিধবা ☐ অন্যান্য ☐

১২। পেশা ঃ

১৩। বর্তমান কর্মস্থলের নাম ও ঠিকানা ঃ

নাম ঃ

ঠিকানা ঃ

১৪। স্বামী/স্ত্রীর পেশা ঃ

১৫। সন্তানাদি সংক্রান্ত তথ্য ঃ

(সন্তানাদির সংখ্যা ও তাহাদের তথ্যাদি নিম্নোক্ত ছকে পূরণ করিতে হইবে)

| ক্রমিক নম্বর | সন্তানের নাম | জন্ম তারিখ | শিক্ষাগত যোগ্যতা | পেশা ও কর্মস্থল/প্রতিষ্ঠানের ঠিকানা | বৈবাহিক অবস্থা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

(বিঃ দ্রঃ প্রয়োজনে অতিরিক্ত কাগজ সংযুক্ত করা যাইবে)

তারিখ ঃ ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

প্রার্থীর স্বাক্ষর/টিপসহি

<u>তৃতীয় খণ্ড</u>

(রিটার্নিং অফিসার কর্তৃক পূরণ করিতে হইবে)

এই মর্মে মনোনয়নপত্রটি প্রার্থী/প্রস্তাবকারী/সমর্থনকারী [ ]

প্রার্থী/প্রস্তাবকারী/সমর্থনকারীর নাম

কর্তৃক [ | ] দিন [ | ] মাস [ | | | ] বৎসর তারিখ বেলা [ | ] ঘটিকায়

আমার অফিসে আমার নিকট দাখিল করা হয়।

তারিখ ঃ [ | ] দিন [ | ] মাস [ | | | ] বৎসর [ ]

রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সিল

## চতুর্থ খণ্ড

## মনোনয়ন গ্রহণ/বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত

(বাছাই এর নির্ধারিত দিনে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিলকরণ সম্পর্কে রিটার্নিং অফিসারের সিদ্ধান্ত)

আমি স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২ক/১৪ এর বিধান অনুসারে এই মনোনয়নপত্রটি পরীক্ষান্তে গ্রহণ/বাতিল করিলাম।

মনোনয়নপত্র বাতিলের ক্ষেত্রে কারণসমূহ

১।

২।

৩।

তারিখ ঃ [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সিল

(প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাইতে পারে)

পঞ্চম খণ্ড

প্রাপ্তি স্বীকার রসিদ

(রিটার্নিং অফিসার কর্তৃক পূরণ করিতে হইবে)

মনোনয়নপত্রের ক্রমিক সংখ্যা [ ]

[ ] সিটি কর্পোরেশন হইতে মেয়র নির্বাচনের জন্য

প্রার্থী [ ] এর মনোনয়নপত্রটি প্রার্থী/প্রস্তাবকারী/সমর্থনকারী কর্তৃক
(প্রার্থীর নাম)

[ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর তারিখ বেলা [ ][ ] ঘটিকায় আমার

অফিসে আমার নিকট দাখিল করা হয়।

দাখিলকৃত সকল মনোনয়নপত্র [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

তারিখ বেলা [ ][ ] ঘটিকায় [ ] এ বাছাই করা হইবে।
(স্থান)

তারিখ ঃ [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

[ ]

রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সিল

সংযুক্তি-১

**হলফনামা**
(প্রার্থী কর্তৃক পূরণীয়)

আমি [ ]
(প্রার্থীর নাম)

জন্ম তারিখ [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

পিতা/স্বামীর নাম [ ]

মাতার নাম [ ]

বর্তমান ঠিকানা [ ]

স্থায়ী ঠিকানা [ ]

[ ] সিটি কর্পোরেশনের মেয়র পদে নির্বাচনে প্রার্থীরূপে প্রতিদ্বন্দ্বিতা করিতে ইচ্ছুক। আমি এই মর্মে শপথপূর্বক ঘোষণা করিতেছি যে,

১. আমার সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা [ ] এবং সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত কপি
(উত্তীর্ণ পরীক্ষার নাম)
এতদ্‌সংগে সংযুক্ত করিলাম।

২.ক. আমি বর্তমানে ফৌজদারি মামলায় অভিযুক্ত নহি [ ] [(প্রযোজ্য হলে টিক চিহ্ন দিন]।

অথবা

২.খ. আমি বর্তমানে ফৌজদারি মামলায় অভিযুক্ত এবং উহার বিস্তারিত বিবরণ ঃ

| ক্রমিক নম্বর | যে আইন ও আইনের ধারায় মামলা দায়ের করা হইয়াছে | যে আদালত মামলাটি আমলে নিয়াছে | মামলা নম্বর | মামলার বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |
| | | | | |
| | | | | |

৩.ক. অতীতে আমার বিরুদ্ধে কোন ফৌজদারি মামলা দায়ের করা হয় নাই [ ] [(প্রযোজ্য হলে টিক চিহ্ন দিন]।

অথবা

৩.খ. অতীতে আমার বিরুদ্ধে দায়েরকৃত ফৌজদারি মামলা বা মামলাসমূহ এবং উহার ফলাফলের বিবরণ ঃ

| ক্রমিক নম্বর | যে আইন ও আইনের ধারায় মামলা দায়ের করা হইয়াছে | যে আদালত মামলাটি আমলে নিয়াছে | মামলা নম্বর | মামলার ফলাফল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | | | | |
| ২ | | | | |
| ৩ | | | | |

৪. আমার ব্যবসা/পেশার বিবরণী ঃ

| |
|---|
| |

৫. আমার এবং আমার উপর নির্ভরশীলদের আয়ের উৎস/উৎসসমূহ ঃ

| ক্রমিক নম্বর | আয়ের উৎসের বিবরণ | উক্ত খাত হইতে প্রার্থীর বাৎসরিক আয় | প্রার্থীর উপর নির্ভরশীলদের আয় |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | কৃষিখাত | | |
| ২ | বাড়ি/এপার্টমেন্ট/দোকান বা অন্যান্য ভাড়া | | |
| ৩ | ব্যবসা | | |
| ৪ | শেয়ার, সঞ্চয়পত্র/ব্যাংক আমানত | | |
| ৫ | পেশা (শিক্ষকতা, চিকিৎসা, আইন, পরামর্শক ইত্যাদি) | | |
| ৬ | চাকুরি | | |
| ৭ | অন্যান্য (সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে) | | |

৬. আমার, আমার উপর নির্ভরশীল ব্যক্তি/ব্যক্তিবর্গের এবং আমার স্ত্রী/স্বামীর পরিসম্পদ এবং দায়ের বিবরণী ঃ

(ক) অস্থাবর সম্পদ

| ক্রমিক নম্বর | মনোনয়নপত্র দাখিলের তারিখে সম্পদের ধরন | নিজ নামে | স্ত্রী/স্বামীর নামে | নির্ভরশীলের নামে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | নগদ টাকা | | | |
| ২ | বৈদেশিক মুদ্রা (মুদ্রার নামসহ) | | | |
| ৩ | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে জমাকৃত অর্থের পরিমাণ | | | |
| ৪ | বন্ড, ঋণপত্র, স্টক একচেঞ্জে তালিকাভুক্ত ও তালিকাভুক্ত নয় এমন কোম্পানির শেয়ার | | | |
| ৫ | পোস্টাল, সেভিংস সার্টিফিকেটসহ বিভিন্ন ধরনের সঞ্চয়পত্রে বা স্থায়ী আমানতে বিনিয়োগ | | | |
| ৬ | বাস, ট্রাক, মোটরগাড়ি, লঞ্চ, স্টিমার, বিমান ও মোটর সাইকেল ইত্যাদির বিবরণী | | | |
| ৭ | স্বর্ণ ও অন্যান্য মূল্যবান ধাতু ও পাথর নির্মিত অলংকারাদি | | | |
| ৮ | ইলেকট্রনিক সামগ্রী | | | |
| ৯ | আসবাবপত্রের বিবরণী | | | |
| ১০ | অন্যান্য | | | |

(নির্ভরশীলদের সংখ্যা অধিক হইলে অতিরিক্ত কাগজে তথ্য প্রদান করিতে হইবে)

(খ) স্থাবর সম্পদ

| ক্রমিক নম্বর | সম্পদের বিবরণ | নিজ নামে | স্ত্রী/স্বামীর নামে | নির্ভরশীলের নামে | যৌথ মালিকানা | যৌথ মালিকানার ক্ষেত্রে প্রার্থীর অংশ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | কৃষি জমি | | | | | |
| ২ | অকৃষি জমি | | | | | |
| ৩ | দালান, আবাসিক/বাণিজ্যিক | | | | | |
| ৪ | বাড়ি/এপার্টমেন্ট | | | | | |
| ৫ | চা বাগান, রাবার বাগান, মৎস্য খামার ইত্যাদির মূল্য | | | | | |
| ৬ | অন্যান্য (বিস্তারিত বিবরণ, বর্তমান মূল্যসহ) | | | | | |

(নির্ভরশীলদের সংখ্যা অধিক হইলে অতিরিক্ত কাগজে তথ্য প্রদান করিতে হইবে)

(গ) দায়-দেনাসমূহ

| দায়-দেনাসমূহের প্রকৃতি ও বর্ণনা | পরিমাণ |
|---|---|
| ১ | ২ |
| | |

(পরিসম্পদ ও দায়ের বিবরণী দাখিল করিতে প্রয়োজনে অতিরিক্ত কাগজ সংযুক্ত করা যাইবে)

৭. ঋণ সংক্রান্ত তথ্যাবলিঃ (অপ্রয়োজনীয় অংশ কাটিয়া দিন)

(ক) আমি একক বা যৌথভাবে বা আমার উপর নির্ভরশীল কোন সদস্য অথবা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান, ম্যানেজিং ডিরেক্টর বা ডিরেক্টর হওয়ার সুবাদে আমি কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে কোন ঋণ গ্রহণ করি নাই।

অথবা

(খ) আমি আমার একক বা যৌথভাবে বা আমার উপর নির্ভরশীল কোন সদস্য অথবা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান, ম্যানেজিং ডিরেক্টর বা ডিরেক্টর হওয়ার সুবাদে ঐ সব ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত ঋণের পরিমাণ নিম্নে উল্লেখ করিলামঃ

| ঋণের ধরন | ব্যাংক/প্রতিষ্ঠানের নাম | ঋণের পরিমাণ | খেলাপি ঋণের পরিমাণ (যদি থাকে) | পুনঃ তফসিলিকরণ করা হইয়া থাকিলে উহার সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| একক | | | | |
| যৌথ | | | | |
| নির্ভরশীল ব্যক্তি বা ব্যক্তিবর্গ | | | | |
| কোন প্রতিষ্ঠানের চেয়ারম্যান, ম্যানেজিং ডিরেক্টর বা ডিরেক্টর হওয়ার সুবাদে | | | | |

আমি শপথপূর্বক আরও ঘোষণা করিতেছি যে, এই হলফনামায় প্রদত্ত যাবতীয় তথ্য এবং এতদ্‌সংগে দাখিলকৃত সকল দলিল দস্তাবেজ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সম্পূর্ণ সত্য ও নির্ভুল।

তারিখ ঃ ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

মনোনীত প্রার্থীর স্বাক্ষর/ টিপসহি

এতদ্বারা জনাব/বেগম ____________________

(প্রার্থীর নাম)

পিতা/স্বামীর নাম ঃ ____________________

মাতার নাম ঃ ____________________

ঠিকানা ঃ ____________________

যিনি জনাব/বেগম ঃ ____________________

(শনাক্তকারীর নাম)

ঠিকানা ঃ ____________________

এর মাধ্যমে শনাক্তকৃত হইয়া অদ্য ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর তারিখে আমার সম্মুখে শপথপূর্বক উপরে বর্ণিত হলফনামা প্রদান করিয়াছেন।

তারিখ ঃ ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

ম্যাজিস্ট্রেট/নোটারি পাবলিকের নাম ও স্বাক্ষর

**সংযুক্তি-২**

**(দলের মনোনয়ন)**

(এই নমুনায় দলের নিজস্ব প্যাডে পৃথকভাবে প্রদান করিতে হইবে)

(১) আমি, [ ]

[ ]
(পদবি, দলের নাম)

[ ] **এতদ্বারা প্রত্যয়ন করিতেছি যে,** [ ]
(দলের নিবন্ধন নম্বর) (সিটি কর্পোরেশনের নাম)

হইতে মেয়র পদে নির্বাচনের জন্য প্রার্থীরূপে [ ]
(প্রার্থীর নাম)

ভোটার নম্বর | | | | | | | | | | | | | কে

দল হইতে মনোনয়ন প্রদান করা হইয়াছে।

তারিখঃ | | | দিন | | | মাস | | | | | বৎসর

দলের সভাপতি বা সাধারণ সম্পাদক
অথবা
সমপর্যায়ের পদাধিকারী বা
ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির
নাম, স্বাক্ষর ও সিলমোহর

* স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে এই সংযুক্তির প্রয়োজন নাই।

**সংযুক্তি-৩**

**স্বতন্ত্র প্রার্থীর জন্য সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের ৩০০ (তিনশত) জন ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা**

স্বতন্ত্র প্রার্থীর নাম :

সিটি কর্পোরেশনের নাম :

| **ক্রমিক** | **ভোটারের নাম** | **বর্তমান ঠিকানা ও টেলিফোন/ মোবাইল ফোন** (যদি থাকে) | **ভোটার নম্বর বা জাতীয় পরিচয়পত্র নম্বর** | **ভোটারের স্বাক্ষর বা টিপসহি** |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

তারিখ: দিন মাস বৎসর

প্রার্থীর স্বাক্ষর/টিপসহি

১। এই নমুনায় অতিরিক্ত কাগজ সংযুক্ত করিতে হইবে।

২। এই ক্রমিক নম্বর ধারাবাহিকভাবে লিপিবদ্ধ করিতে হইবে।

৩। প্রতি পৃষ্ঠায় প্রার্থী/প্রার্থীর নির্বাচনি এজেন্টের অনুস্বাক্ষর ও শেষ পৃষ্ঠায় স্বাক্ষর প্রদান করিতে হইবে।

৪। মেয়র পদে ইতিপূর্বে নির্বাচিত কোন স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে 'সংযুক্তি-৩' পূরণের প্রয়োজন নাই।

(খ) ফরম-ক-১ ও ফরম-ক-২ এর প্রথম খণ্ড : মনোনয়নের প্রথম অংশ, দ্বিতীয় অংশ ও তৃতীয় অংশের ভোটার নম্বর এর পূর্বে "জাতীয় পরিচয়পত্র নম্বর |  |  |  |  |  |  |  |  |  |  |  |  |  |  |  |  |  | " শব্দগুলি ও চিহ্নগুলিসন্নিবেশিত হইবে।

(গ) ফরম-গ, ফরম-ঘ, ফরম-চ, ফরম-ছ, ফরম-জ, ফরম-জ-১ এবং ফরম-ড এর পরিবর্তে নিম্নরূপ ফরম-গ, ফরম-ঘ, ফরম-চ, ফরম-ছ, ফরম-জ, ফরম-জ-১ এবং ফরম-ড প্রতিস্থাপিত হইবে।

**ফরম-গ**

[ বিধি ১২ (৯) দ্রষ্টব্য ]

**______ সিটি কর্পোরেশনের মেয়র/ সংরক্ষিত আসনের/ সাধারণ আসনের কাউন্সিলর পদে মনোনয়নপত্র দাখিলকারীগণের তথ্য বিবরণী**

ওয়ার্ড নম্বর | | | (কাউন্সিলরের জন্য)

| ক্রমিক সংখ্যা | মনোনয়নপত্র দাখিলকারীর নাম এবং পরিচয় পত্র ও ভোটার নম্বর | মনোনয়ন প্রদানকারী রাজনৈতিক দলের নাম/স্বতন্ত্র (শুধু মেয়র পদের ক্ষেত্রে প্রযোজ্য) | পিতা/স্বামীর (বিবাহিত মহিলার ক্ষেত্রে) নাম | ঠিকানা | | প্রস্তাবকারীর নাম ও ভোটার নম্বর | সমর্থনকারীর নাম ও ভোটার নম্বর | মনোনয়নপত্র দাখিলকারীর পক্ষে মনোনয়ন পত্রের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | বর্তমান | স্থায়ী | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫(ক) | ৫(খ) | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | | | | | | | | | |
| ২. | | | | | | | | | |
| ৩. | | | | | | | | | |
| ৪. | | | | | | | | | |
| ৫. | | | | | | | | | |

স্থান: ______

রিটার্নিংঅফিসারের স্বাক্ষর ও **সিল**

তারিখ ঃ | | | দিন | | | মাস | | | | | বৎসর

* প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন।

**ফরম-ঘ**

[ বিধি ১৬ দ্রষ্টব্য ]

**সিটি কর্পোরেশনের মেয়র/ সংরক্ষিত আসনের/ সাধারণ আসনের কাউন্সিলর পদে বৈধভাবে মনোনীত প্রার্থীগণের তালিকা**

ওয়ার্ড নম্বর (কাউন্সিলরের জন্য)

| ক্রমিক সংখ্যা | প্রার্থীর নাম | মনোনয়ন প্রদানকারী রাজনৈতিক দলের নাম/স্বতন্ত্র (শুধু মেয়র পদের ক্ষেত্রে প্রযোজ্য) | প্রার্থীর পিতা/স্বামীর (বিবাহিত মহিলার ক্ষেত্রে) নাম | প্রার্থীর মাতার নাম | প্রার্থীর ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | | | | | |
| ২. | | | | | |
| ৩. | | | | | |
| ৪. | | | | | |
| ৫. | | | | | |

**স্থানঃ**

রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও **সিল**

তারিখ ঃ দিন মাস বৎসর

(বিঃ দ্রঃ অপ্রয়োজনীয় অংশ কাটিয়া দিন)

**ফরম-চ**

[ বিধি ২২ (২) দ্রষ্টব্য ]

ভোটার সংখ্যা: ☐

☐ সিটি কর্পোরেশনের মেয়র/☐☐ নম্বর সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর/☐☐ নম্বর সাধারণ ওয়ার্ডের

**কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের তালিকা**

সংরক্ষিত আসনের ওয়ার্ড নম্বর ☐☐ (কাউন্সিলরের জন্য)

সাধারণ আসনের ওয়ার্ড নম্বর ☐☐ (কাউন্সিলরের জন্য)

| ক্রমিক সংখ্যা | বাংলা বর্ণমালার ক্রমানুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম | মনোনয়ন প্রদানকারী রাজনৈতিক দলের নাম/স্বতন্ত্র (শুধু মেয়র পদের ক্ষেত্রে প্রযোজ্য) | প্রতিদ্বন্দ্বী প্রার্থীর ঠিকানা | বরাদ্দকৃত প্রতীক |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | | | | |
| ২. | | | | |
| ৩. | | | | |
| ৪. | | | | |
| ৫. | | | | |

এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা যাইতেছে যে, আগামী ………………………………তারিখ সকাল …………ঘটিকা হইতে বিকাল…………. ঘটিকা পর্যন্ত ভোটগ্রহণ করা হইবে।

স্থানঃ ☐

রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সিল

তারিখ ঃ ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

(বিঃ দ্রঃ অপ্রয়োজনীয় অংশ কাটিয়া দিন)

# ফরম-ছ

[ বিধি ২৯ (১) দ্রষ্টব্য ]

| মেয়র নির্বাচনের জন্য ব্যালট পেপারের মুড়িপত্র | মেয়র নির্বাচনের জন্য ব্যালট পেপার |
|---|---|
| সিটি কর্পোরেশন নির্বাচন<br>জেলা:.......................................................<br>সিটি কর্পোরেশন:........................................ | সিটি কর্পোরেশন নির্বাচন<br>নাম.............................প্রতীক....................<br>নাম.............................প্রতীক....................<br>নাম..............................প্রতীক................... |
| ক্রমিক সংখ্যা····································<br>ওয়ার্ড নম্বর········································<br>ভোটার তালিকায় ভোটারের ক্রমিক সংখ্যা......... ..<br>ভোটারের স্বাক্ষর/টিপসহি<br>অফিসিয়াল/সরকারি সিল | |

# ফরম-জ

[ বিধি ২৪(৪) দ্রষ্টব্য ]

## নির্বাচনি এজেন্ট নিয়োগ

বরাবর

রিটার্নিং অফিসার

................................. সিটি কর্পোরেশন

বিষয়ঃ নির্বাচনি এজেন্ট নিয়োগ।

মহোদয়,

উপরোক্ত বিষয়ে.......................সিটি কর্পোরেশনের...........................ওয়ার্ডের (প্রযোজ্য ক্ষেত্রে) মেয়র/সংরক্ষিত/সাধারণ আসনের কাউন্সিলর পদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী........................................................ পিতা/স্বামী.............................................................................................................................. নির্বাচনি প্রতীক....................................এর নির্বাচনি এজেন্ট হিসাবে কাজ করিবার জন্য স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ২৪ অনুসারে নিম্নে বর্ণিত ব্যক্তিকে নিয়োগ করিতেছি। নিম্নে তাহার বিবরণী ও তিনটি স্বাক্ষর সত্যায়ন করিলাম:

| নির্বাচনি এজেন্টের নাম | নির্বাচনি এজেন্টের পিতা/স্বামীর নাম | নির্বাচনি এজেন্টের ঠিকানা | নির্বাচনি এজেন্টের ভোটার নম্বর বা জাতীয় পরিচয় পত্র নম্বর | নির্বাচনি এজেন্টের স্বাক্ষর | সত্যায়নকারী (প্রার্থী কর্তৃক) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | ১. | |
| | | | | ২. | |
| | | | | ৩. | |

২। উল্লিখিত ব্যক্তি বিভিন্ন ভোটকেন্দ্রের ভোট চলাকালীন ও গণনাকালীন সময়েও দায়িত্ব পালন/পর্যবেক্ষণ করিবেন।

স্থান: 

তারিখ ঃ ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

প্রার্থীর নাম ও স্বাক্ষর

এবং

নির্বাচনি প্রতীক....................

# ফরম-জ-১

[ বিধি ২৫(২) দ্রষ্টব্য ]

## পোলিং এজেন্ট নিয়োগ

বরাবর

প্রিজাইডিং অফিসার

.......................................................................................................... ভোটকেন্দ্র

বিষয়ঃ পোলিং এজেন্ট নিয়োগ।

মহোদয়,

উপরোক্ত বিষয়ে.........................সিটি কর্পোরেশনের.............................ওয়ার্ডের (প্রযোজ্য ক্ষেত্রে) মেয়র/সংরক্ষিত/সাধারণ আসনের কাউন্সিলর পদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী .................................................. পিতা/স্বামী.......................................................................নির্বাচনিপ্রতীক..............................এর ভোটকেন্দ্রে পোলিং এজেন্ট হিসাবে কাজ করিবার জন্য স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ২৫ অনুসারে নিম্নেবর্ণিত ব্যক্তিবর্গকে নিয়োগ করিতেছি।

| ক্রমিক সংখ্যা | পোলিং এজেন্টের নাম | পোলিং এজেন্টের পিতা/স্বামীর নাম | পোলিং এজেন্টের ঠিকানা | পোলিং এজেন্টের ভোটার নম্বর বা জাতীয় পরিচয় পত্র নম্বর | পোলিং এজেন্টের স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | | | | | |
| ২. | | | | | |
| ৩. | | | | | |
| ৪. | | | | | |
| ৫. | | | | | |
| ৬. | | | | | |
| ৭. | | | | | |
| ৮. | | | | | |
| ৯. | | | | | |
| ১০. | | | | | |

২। ................ক্রমিকে উল্লিখিত ব্যক্তি/ব্যক্তিবর্গ উক্ত ভোটকেন্দ্রের ভোট গণনাকালীন সময়েও দায়িত্ব পালন করিবেন।

স্থান: [ ]

তারিখ ঃ [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

প্রার্থী/নির্বাচনি এজেন্টের নাম ও স্বাক্ষর

এবং

নির্বাচনি প্রতীক............

# ফরম-ড

[ বিধি ৪৩ দ্রষ্টব্য ]

**মেয়র ও কাউন্সিলর পদে নির্বাচিত ঘোষিত প্রার্থীগণের তালিকা**

সিটি কর্পোরেশন নির্বাচন

| ক্রমিক নম্বর | নির্বাচিত ঘোষিত প্রার্থীগণের নাম, পিতা/স্বামীর (বিবাহিত মহিলার ক্ষেত্রে) নাম ও ঠিকানা (মনোনয়নপত্রে যেইরূপ দেওয়া হইয়াছে) | দলের নাম/স্বতন্ত্র **(**শুধু মেয়র পদের ক্ষেত্রে প্রযোজ্য**)** | যেই ওয়ার্ড হইতে নির্বাচিত হইয়াছেন তাহার নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) | যে পদে নির্বাচিত হইয়াছেন |
|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

তারিখঃ ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সিল

(বিঃ দ্রঃ প্রথমে মেয়র, তারপর সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং পরে সাধারণ আসনের কাউন্সিলরগণের নাম লিখিতে হইবে)**";**

(ঘ) ফরম-ঢ এর দ্বিতীয় ভাগ: সম্ভাব্য ব্যয়ের খাতসমূহ এর ক্রমিক নং (জ) ও তদ্‌সংশ্লিষ্ট এন্ট্রি বিলুপ্ত হইবে এবং ক্রমিক নং (ঝ)(১), (ঝ)(২),(ঞ),(ট),(ঠ),(ড),(ঢ),(ণ),(ত) ও (থ) যথাক্রমে (জ)(১), (জ)(২),(ঝ)(ঞ),(ট),(ঠ),(ড),(ঢ),(ণ) ও (ত) হিসাবে পুন:সংখ্যায়িত হইবে;

(ঙ) ফরম-ণ এর প্রচারণা অংশের ক্রমিক নং (ঙ) ও তদ্‌সংশ্লিষ্ট এন্ট্রি বিলুপ্ত হইবে এবং ক্রমিক নং (চ)(১), (চ)(২), (ছ), (জ), (ঝ), (ঞ), (ট), (ঠ), (ড) (ঢ), (ণ) ও (ত) যথাক্রমে (ঙ)(১), (ঙ)(২), (চ), (ছ), (জ), (ঝ), (ঞ), (ট), (ঠ), (ড),(ঢ) ও (ণ) হিসাবে পুনঃসংখ্যায়িত হইবে।

(চ) ফরম-ত-২ এর পর নিম্নরূপ ফরম-থ সংযোজিত হইবে, যথা:-

# “ফরম-থ

[বিধি ৫১ক (১) দ্রষ্টব্য]

## সিটি কর্পোরেশন নির্বাচন

### রাজনৈতিক দল কর্তৃক দাখিলকৃত ব্যয় বিবরণী

রাজনৈতিক দলের নাম: __________

রাজনৈতিক দলের ঠিকানা: __________

| *ব্যয়ের খাত | সিটি কর্পোরেশনের নাম | মনোনীত প্রার্থীর সংখ্যা | ব্যয়ের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. প্রার্থীকে প্রদত্ত অনুদান | | | | |
| ২. প্রচারণা বাবদ | | | | |
| ৩. পরিবহণ বাবদ | | | | |
| ৪. জনসভা বাবদ | | | | |
| ৫. স্টাফ খরচ বাবদ | | | | |
| ৬. আবাসন ও প্রশাসনিক খরচ বাবদ | | | | |
| ৭. বিবিধ | | | | |

তারিখ: [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

দলের সভাপতি বা সাধারণ সম্পাদক
অথবা
সমপর্যায়ের পদাধিকারী
কার্যনির্বাহকের
নাম, স্বাক্ষর ও সিলমোহর

* উপরে উল্লিখিত বিভিন্ন খাতে বিস্তারিত খরচ আলাদাভাবে এতদ্‌সংগে সংযুক্ত করিতে হইবে।”

১৭। তফসিল-২, তফসিল-৩, তফসিল-৪ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-২, তফসিল-৩, তফসিল-৪ ও তফসিল-৫ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

''তফসিল-২

[বিধি ১৯(১)(ক) দ্রষ্টব্য]

মেয়র পদে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | | | |
|---|---|---|---|
| ১। ছাতা | ১৪। তারা | ২৭। কাঁঠাল | ৪০। টেলিভিশন; |
| ২। বাইসাইকেল | ১৫। গোলাপ ফুল | ২৮। চাবি | |
| ৩। চাকা | ১৬। মই | ২৯। চেয়ার | |
| ৪। গামছা | ১৭। গরুর গাড়ি | ৩০। হাত ঘড়ি | |
| ৫। কাস্তে | ১৮। ফুলের মালা | ৩১। মিনার | |
| ৬। নৌকা | ১৯। বটগাছ | ৩২। রিক্সা | |
| ৭। ধানের শীষ | ২০। হারিকেন | ৩৩। হাত পাখা | |
| ৮। কবুতর | ২১। আম | ৩৪। মোমবাতি | |
| ৯। কুঁড়ে ঘর | ২২। খেজুর গাছ | ৩৫। হুক্কা | |
| ১০। হাতুড়ি | ২৩। উদীয়মান সূর্য | ৩৬। কোদাল | |
| ১১। কুলা | ২৪। মাছ | ৩৭। দেওয়াল ঘড়ি | |
| ১২। লাঙ্গল | ২৫। বাঘ | ৩৮। হাত (পাঞ্জা) | |
| ১৩। মশাল | ২৬। গাভি | ৩৯। ছড়ি | |

''

''তফসিল-৩

[বিধি ১৯(১)(খ) দ্রষ্টব্য]

মেয়র পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। ক্রিকেট ব্যাট | ৭। দিয়াশলাই |
| ২। ঘোড়া | ৮। ফ্লাস্ক |
| ৩। চরকা | ৯। বাস |
| ৪। টেবিল ঘড়ি | ১০। ময়ূর |
| ৫। টেলিস্কোপ | ১১। হরিণ |
| ৬। ডিস এন্টেনা | ১২। হাতি |

''

''তফসিল-৪

[বিধি ১৯(১)(গ) দ্রষ্টব্য]

সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। আনারস | ৬। বই |
| ২। গ্লাস | ৭। বেহালা |
| ৩। চশমা | ৮। মোবাইল ফোন |
| ৪। জিপ গাড়ি | ৯। স্টিল আলমারি |
| ৫। ডলফিন | ১০। হেলিকপ্টার |

''

''তফসিল-৫
[বিধি ১৯(১)(ঘ) দ্রষ্টব্য]

সাধারণ আসনের কাউন্সিলর পদের প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। এয়ারকন্ডিশনার | ৭। ট্রাক্টর |
| ২। করাত | ৮। ঠেলাগাড়ি |
| ৩। কাঁটা চামচ | ৯। ব্যাডমিন্টন র‌্যাকেট |
| ৪। ঘুড়ি | ১০। মিষ্টি কুমড়া |
| ৫। ঝুড়ি | ১১। রেডিও |
| ৬। টিফিন ক্যারিয়ার | ১২। লাটিম |

"

নির্বাচন কমিশনের আদেশক্রমে
**মোহাম্মদ আব্দুল্লাহ**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd